

(প্রেস বিজ্ঞপ্তি)

১২ ডিসেম্বর'২০২৩খ্রি.

### ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর উদ্বোধন করলেন মেয়র রেজাউল

চট্টগ্রামে শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর উদ্বোধন করলেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

মঙ্গলবার সকালে নগরীর নাজমাঈ ডেমিরেল সিটি করপোরেশন দাতব্য চিকিৎসালয় মিলনায়তনে শিশুদের নিজ হাতে টিকা খাওয়ান তিনি।

এ সময় মেয়র বলেন, এবছর আমাদের লক্ষ্য ৫ লাখ ৪১ হাজার শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো। আজ সারাদিন সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত ১ হাজার ৩২১টি কেন্দ্রে ক্যাপসুল খাওয়ানো হবে।

“লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে ক্যাম্পেইন চলাকালে যে সকল শিশু বাদ যাবে তাদের পরবর্তীতে শুধুমাত্র চসিক স্বাস্থ্য বিভাগের উদ্যোগে নিজস্ব ব্যবস্থাপনায় চসিক স্বাস্থ্য বিভাগ পরিচালিত দাতব্য চিকিৎসালয়, নগর স্বাস্থ্য কেন্দ্র ও ইপিআই কেন্দ্র সমূহে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে। ক্যাম্পেইন চলাকালে জনের এক ঘণ্টার মধ্যে শাল দুধ এবং ছয় মাস পর্যন্ত শুধু মায়ের দুধ পান করতে পুষ্টিবার্তাও প্রচার করা হবে। ভিটামিন এ ক্যাপসুলের কোনো পার্শ্ব প্রতিক্রিয়া নেই। এখন যেহেতু ভোটের সময়, অতীতেও আমরা এ টিকা নিয়ে নানা অপপ্রচার দেখেছি। কেউ যাতে একে রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার না করে সেজন্য সহযোগিতা চাই।”

এসময় আরো বক্তব্য রাখেন চসিক সচিব খালেদ মাহমুদ, স্বাস্থ্য স্ট্যান্ডিং কমিটির সভাপতি ও কাউন্সিলর জহর লাল হাজারি, সদস্য ও কাউন্সিলর আবদুস সালাম মাসুম, নূর মোস্তফা টিনু, রুমকি সেনগুপ্ত, চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ ইমাম হোসেন রানা।

### ঢেলে সাজানো হবে চসিকের গাহস্থ্য অর্থনীতি কলেজ: মেয়র রেজাউল

নারী শিক্ষার প্রসারে গাহস্থ্য অর্থনীতি সিটি কর্পোরেশন কলেজকে ঢেলে সাজানোর ঘোষণা গিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

মঙ্গলবার কলেজটির কৃতি শিক্ষার্থী সংবর্ধনা, বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে মেয়র এ ঘোষণা দেন।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, নারী শিক্ষার প্রসারে এ কলেজের মানোন্নয়নে বিনিয়োগ করব। এ কলেজে আরো বিভিন্ন জীবনমুখী বিষয় চালু করা হবে। কলেজে শহিদ মিনার নির্মাণ করা হবে। শিক্ষার্থীদের জন্য গড়ে তোলা হবে হোস্টেল, বর্ষাকালে চলাচল সুবিধাজনক করতে নালা নির্মাণ করা হবে।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কাউন্সিলর মোহাম্মদ ইলিয়াস, মেয়রের একান্ত সচিব ও প্রধান শিক্ষা কর্মকর্তা আবুল হাশেম, গাহস্থ্য অর্থনীতি সিটি কর্পোরেশন কলেজের অধ্যক্ষ আলম আখতার, চসিকের প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, নির্বাহী প্রকৌশলী জসিম উদ্দিন, কলেজের সাবেক সভাপতি জালাল আহম্মদ, কলেজের আজীবন দাতা সদস্য আজগর হাসান চৌধুরী।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮